রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, ফেব্রুয়ারি ২৭, ২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**
**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**
**পলিসি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ মাঘ ১৪২৯/০৮ ফেব্রুয়ারি ২০২৩

বিষয় : **"শেখ রাসেল পদক নীতিমালা ২০২২" গেজেটে প্রকাশ।**

নং **৫৬.০০.০০০০.০৬১.২২.০০৪.২২.১৪৫/১৬**—উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভবিষ্যৎ বাংলাদেশের কর্ণধার তথা বর্তমান প্রজন্মের শিক্ষার্থী ও শিশু কিশোরদেরকে উন্নত বাংলাদেশের নাগরিক হিসেবে প্রতিষ্ঠিত করার প্রত্যয়ে জাতীয়ভাবে প্রতিবছর ১৮ অক্টোবর কেন্দ্রীয়, বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে যথাযথ মর্যাদায় সফলভাবে শিশু কিশোর এবং তাদের উন্নয়নের সাথে সম্পৃক্ত প্রতিষ্ঠানকে অনুপ্রেরণা, উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের লক্ষ্যে "শেখ রাসেল পদক নীতিমালা-২০২২" অনুমোদিত হয়েছে। সর্বসাধারণের জ্ঞাতার্থে এটি গেজেটে প্রকাশ করা হলো।

**সুফিয়া আক্তার রুমী**
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)।


**মূল্য :** টাকা ৪০.০০

# শেখ রাসেল পদক নীতিমালা ২০২২

**১. পটভূমি:**

স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের কনিষ্ঠ পুত্র শেখ রাসেল ১৮ অক্টোবর ১৯৬৪ সালে জন্মগ্রহণ করেন। মাত্র সাত বছর বয়সে ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধ চলাকালে শেখ রাসেল তাঁর মা, দুই বোন শেখ হাসিনা ও শেখ রেহানাসহ পরিবারের অন্য সদস্যদের সঙ্গে ধানমন্ডি ১৮ নম্বর সড়কের একটি বাড়িতে বন্দি জীবন কাটিয়েছেন। ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজের চতুর্থ শ্রেণির ছাত্র শেখ রাসেল ১৯৭৫ সালের ১৫ আগস্ট বর্বর ঘাতক চক্রের নির্মম বুলেটে বঙ্গবন্ধু ও বঙ্গমাতাসহ পরিবারের অন্য সদস্যদের সঙ্গে প্রাণ হারান। মাত্র ১০ বছরের শিশু শেখ রাসেলের এই নির্মম হৃদয়বিদারক হত্যাকাণ্ড ১৫ আগস্টের কলঙ্কময় কালো রাতকে অধিকতর কলঙ্কিত করেছে।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা গড়ার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত বিশ্বের সারিতে অন্তর্ভুক্তকরণে এবং বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ (BDP 2100) বাস্তবায়নে সরকার নিরলসভাবে কাজ করছে। এরই ধারাবাহিকতায় দেশব্যাপী আইসিটি শিক্ষার প্রসারে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাবগুলোকে শেখ রাসেলের স্মরণে ‘শেখ রাসেল ডিজিটাল ল্যাব’ নামে নামকরণ করা হয়েছে; যা একটি যুগান্তকারী পদক্ষেপ। দেশের তৃণমূল পর্যায়ে শিক্ষার্থীদের আইসিটি জ্ঞান সম্প্রসারণ ও দক্ষ মানব সম্পদ হিসেবে গড়ে তোলার পাশাপাশি শেখ রাসেলের অমর স্মৃতি শিশু-কিশোরদের মাঝে জাগ্রত করছে শেখ রাসেল ডিজিটাল ল্যাব।

প্রতিবছর ১৮ অক্টোবর শেখ রাসেল দিবস পালনের মাধ্যমে ভবিষ্যৎ বাংলাদেশের কর্ণধার তথা বর্তমান প্রজন্মের শিক্ষার্থী/শিশু-কিশোরদেরকে উন্নত বাংলাদেশের নাগরিক হিসেবে প্রতিষ্ঠিত করার প্রত্যয়ে তাদের মাঝে শেখ রাসেলের স্মৃতি অম্লান থাকবে। শেখ রাসেল ছিলেন শিশুদের বন্ধু ও গরীব দুঃখী মানুষের সাহায্যকারী। আর্তমানবতার সেবাই ছিল তাঁর জীবনের ব্রত ও উদ্দেশ্য। আগামীর বাংলাদেশকে নেতৃত্ব দানে শেখ রাসেলের দীপ্ত প্রত্যয়কে হৃদয়ে ধারণ করে শিশুরা বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার শক্তিতে বলীয়ান হবে। জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালন সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের 'শেখ রাসেল দিবস'-কে 'ক' শ্রেণিভুক্ত দিবস হিসেবে অন্তর্ভুক্তকরণের সিদ্ধান্ত মোতাবেক প্রতিবছর শেখ রাসেল পদক প্রদান করার নিমিত্ত 'শেখ রাসেল পদক নীতিমালা ২০২২' প্রণয়ন করা হলো।

**২. শিরোনাম ও সংজ্ঞা:**

২.১. **শিরোনাম:** এ নীতিমালা শেখ রাসেল পদক নীতিমালা ২০২২ নামে অভিহিত হবে।

**২.২. সংজ্ঞা:**

(১) **'ব্যক্তি':** ব্যক্তি বলতে অনূর্ধ্ব ১৮ বছর বয়সী বাংলাদেশী শিশু-কিশোর;

(২) **'শিক্ষার্থী':** শিক্ষার্থী বলতে সর্বোচ্চ উচ্চ মাধ্যমিক বা সমপর্যায়ের বাংলাদেশি শিক্ষার্থী;

(৩) **'প্রতিষ্ঠান':** প্রতিষ্ঠান বলতে শিশু-কিশোরদের শিক্ষা/উন্নয়ন এর সাথে সম্পৃক্ত সরকারি/বেসরকারি বাংলাদেশি প্রতিষ্ঠান;

(৪) **'কর্তৃপক্ষ':** কর্তৃপক্ষ বলতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ; এবং

(৫) **'সচিব':** সচিব বলতে সচিব ও সিনিয়র সচিব কে বুঝাবে;

(৬) **'ডিজিটাল এক্সিলেন্স':** ডিজিটাল এক্সিলেন্স বলতে শিশু-কিশোরদের বিকাশ/উন্নয়নের নিমিত্ত যে সকল প্রতিষ্ঠান ডিজিটাল প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে কোনো পণ্য বা সেবা তৈরি/উদ্ভাবন করে থাকে সে সকল প্রতিষ্ঠান কে বুঝাবে।

**৩. উদ্দেশ্য:**

শিশু-কিশোর এবং তাদের উন্নয়নের সাথে সম্পৃক্ত প্রতিষ্ঠানকে অনুপ্রেরণা, উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের লক্ষ্যে জাতীয় পর্যায়ে বিভিন্ন ক্ষেত্রে সেরা ব্যক্তি ও প্রতিষ্ঠানকে শেখ রাসেল পদক প্রদান করা।

**৪. পুরস্কার প্রদানের ক্ষেত্রসমূহ:**

৪.১. শিক্ষা (ব্যক্তি)

৪.২. বিজ্ঞান ও প্রযুক্তি (ব্যক্তি)

৪.৩. ক্রীড়া (ব্যক্তি)

৪.৪. প্রতিভাবান বিশেষ চাহিদাসম্পন্ন শিশু-কিশোর (ব্যক্তি)

৪.৫. শিল্পকলা ও সংস্কৃতি (ব্যক্তি)

৪.৬. ক্ষুদে প্রোগ্রামার (ব্যক্তি)

৪.৭. ক্ষুদে উদ্ভাবক (ব্যক্তি)

৪.৮. ক্ষুদে লেখক (ব্যক্তি)

৪.৯. ডিজিটাল স্কুল (প্রতিষ্ঠান)

৪.১০. ডিজিটাল এক্সিলেন্স (প্রতিষ্ঠান)

**৫. পুরস্কারের বিবরণ:**

৫.১. জাতীয় পর্যায়ে অনুচ্ছেদ-৪ এ বর্ণিত ১০টি ক্ষেত্রে পুরস্কার প্রদান করা হবে।

৫.২. পুরস্কার হিসেবে অনন্য পদক, সম্মাননা সনদ ও উন্নতমানের ল্যাপটপ প্রদান করা হবে।

ক) ব্যক্তিগত অবদানের ক্ষেত্রে পদক (১৮ ক্যারেটের ১ ভরি স্বর্ণ/ ১১.৬৬ গ্রাম ওজন), সম্মাননাপত্র ও উন্নতমানের ল্যাপটপ প্রদান করা হবে।

খ) প্রাতিষ্ঠানিক অবদানের ক্ষেত্রে পদক (১৮ ক্যারেটের ১ ভরি স্বর্ণ/ ১১.৬৬ গ্রাম ওজন), সম্মাননাপত্র ও উন্নতমানের ল্যাপটপ প্রদান করা হবে।

৫.৩. সরকার/কর্তৃপক্ষ নির্বাহী আদেশের মাধ্যমে পুরস্কারের পরিমাণ হ্রাস/বৃদ্ধি এবং ধরন পরিবর্তন করতে পারবে।

৫.৪ পুরস্কার প্রদানের ক্ষেত্রে সরকারের আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক পুরস্কার প্রদান করা হবে।

**৬. পুরস্কার প্রদান কার্যক্রমের ব্যয়:**

পুরস্কার সংক্রান্ত কার্যক্রমের ব্যয় নির্বাহের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর বাজেটে বরাদ্দ নির্ধারিত থাকবে।

**৭. বাস্তবায়ন:**

৭.১. **বাস্তবায়নকারী সংস্থা:** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর 'শেখ রাসেল পদক নীতিমালা ২০২২' এর বাস্তবায়নকারী প্রতিষ্ঠান হিসেবে দায়িত্ব পালন করবে।

৭.২ **বাস্তবায়ন কর্মসূচি:** পুরস্কার প্রদান সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের সময়সূচি নিম্নরূপ হবে:

| **কার্যক্রম** | **সময়** |
|---|---|
| আবেদন আহ্বান/বিজ্ঞপ্তি প্রকাশ | ২৫ মার্চ—৩১ মার্চ |
| আবেদন দাখিল | ০১ এপ্রিল—৩০ এপ্রিল |
| যাচাই-বাছাই কমিটি কর্তৃক বাছাইকরণ | ১ মে—৩০ জুন |
| মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়ন কার্যক্রম সম্পন্নকরণ | ০১ জুলাই—৩১ আগস্ট |
| কেন্দ্রীয় কমিটি কর্তৃক চূড়ান্তকরণ | ০১ সেপ্টেম্বর—৩০ সেপ্টেম্বর |
| ঘোষণা | ১৮ অক্টোবর |

**৮. মনোনয়ন প্রক্রিয়া:**

**৮.১. আবেদন প্রেরণ:** ব্যক্তি এবং প্রতিষ্ঠানকে যথাযথভাবে নির্ধারিত অনলাইন ফরম পূরণের মাধ্যমে আবেদন দাখিল করতে হবে।

**৮.২. কমিটি:**

তিনটি কমিটির মাধ্যমে পুরস্কার মনোনয়ন প্রক্রিয়া সম্পন্ন করা হবে। কমিটিসমূহ যথাক্রমে:

১. যাচাই-বাছাই কমিটি

২. মূল্যায়ন কমিটি ও

৩. কেন্দ্রীয় কমিটি।

**৮.২.১. যাচাই-বাছাই কমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | -সভাপতি |
| ২. | পরিচালক, অর্থ ও প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | -সদস্য |
| ৩. | পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | -সদস্য |
| ৪. | উপসচিব, আইসিটি প্রমোশন শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | -সদস্য |
| ৫. | সিস্টেমস ম্যানেজার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | -সদস্য |
| ৬. | প্রতিনিধি, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (গ্রেড-৬ বা তদূর্ধ্ব কর্মকর্তা) | -সদস্য |
| ৭. | প্রতিনিধি, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (গ্রেড-৬ বা তদূর্ধ্ব কর্মকর্তা) | -সদস্য |
| ৮. | প্রতিনিধি, ডিজিটাল সিকিউরিটি এজেন্সি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (গ্রেড-৬ বা তদূর্ধ্ব কর্মকর্তা) | -সদস্য |
| ৯. | প্রতিনিধি, ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (গ্রেড-৬ বা তদূর্ধ্ব কর্মকর্তা) | -সদস্য |
| ১০. | প্রতিনিধি, এটুআই প্রোগ্রাম (গ্রেড-৬ বা তদূর্ধ্ব কর্মকর্তা) | -সদস্য |
| ১১. | উপপরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | -সদস্য |
| ১২. | উপপরিচালক, প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | -সদস্য-সচিব |

**কর্মপরিধি:**

(ক) প্রাথমিক যাচাই-বাছাই কার্যক্রম পরিচালনা করবে;

(খ) যাচাই-বাছাই কার্যক্রম পরিচালনায় সহায়তা করার জন্য এক বা একাধিক উপ-কমিটি গঠন করতে পারবে;

(গ) যাচাই-বাছাইয়ের ক্ষেত্রে নির্ধারিত নিয়ম-কানুন ও আবেদনের শর্তসমূহ অনুসরণ করবে; এবং

(ঘ) কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

**৮.২.২. মূল্যায়ন কমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

| | | |
|---|---|---|
| ১. | সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | -সভাপতি |
| ২. | প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয় (যুগ্মসচিব পদমর্যাদার বা তদূর্ধ্ব) | -সদস্য |
| ৩. | প্রতিনিধি, মন্ত্রিপরিষদ বিভাগ (যুগ্মসচিব পদমর্যাদার বা তদূর্ধ্ব) | -সদস্য |
| ৪. | প্রতিনিধি, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (যুগ্মসচিব পদমর্যাদার বা তদূর্ধ্ব) | -সদস্য |
| ৫. | প্রতিনিধি, সমাজকল্যাণ মন্ত্রণালয় (যুগ্মসচিব পদমর্যাদার বা তদূর্ধ্ব) | -সদস্য |
| ৬. | প্রতিনিধি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (যুগ্মসচিব পদমর্যাদার বা তদূর্ধ্ব) | -সদস্য |
| ৭. | প্রতিনিধি, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (যুগ্মসচিব পদমর্যাদার বা তদূর্ধ্ব) | -সদস্য |
| ৮. | প্রতিনিধি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (যুগ্মসচিব পদমর্যাদার বা তদূর্ধ্ব) | -সদস্য |
| ৯. | প্রতিনিধি, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় (যুগ্মসচিব পদমর্যাদার বা তদূর্ধ্ব) | -সদস্য |
| ১০. | প্রতিনিধি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (যুগ্মসচিব পদমর্যাদার বা তদূর্ধ্ব) | -সদস্য |
| ১১. | প্রতিনিধি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (যুগ্মসচিব পদমর্যাদার বা তদূর্ধ্ব) | -সদস্য |
| ১২. | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | -সদস্য |
| ১৩. | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | -সদস্য |
| ১৪. | পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (সভাপতি কর্তৃক মনোনীত বিশ্ববিদ্যালয় হতে) | -সদস্য |
| ১৫. | নির্বাহী পরিচালক, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্প | -সদস্য |
| ১৬. | মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি | -সদস্য |
| ১৭. | মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি | -সদস্য |
| ১৮. | মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) | -সদস্য |
| ১৯. | মহাপরিচালক, বাংলা একাডেমি | -সদস্য |
| ২০. | সভাপতি কর্তৃক মনোনীত বিশ্ববিদ্যালয় হতে প্রতিনিধি | -সদস্য |
| ২১. | চেয়ারম্যান/মহাসচিব, শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদ | -সদস্য |
| ২২. | মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | -সদস্য-সচিব |

**কর্মপরিধি:**

(ক) যাচাই-বাছাই কমিটি হতে প্রাপ্ত আবেদনসমূহ মূল্যায়ন করবে;

(খ) মূল্যায়নের ক্ষেত্রে নির্ধারিত মূল্যায়ন ছক ব্যবহার করবে;

(গ) কমিটি এক বা একাধিক উপ-কমিটি গঠন করতে পারবে;

(ঘ) কমিটি বা কমিটির পক্ষে উপ-কমিটি প্রয়োজনে অনুসন্ধান ও সাক্ষাৎকার গ্রহণ করতে পারবে;

(ঙ) কমিটি আবেদন মূল্যায়নপূর্বক চূড়ান্ত মূল্যায়নের জন্য কেন্দ্রীয় কমিটির নিকট প্রেরণ করবে; এবং

(চ) কমিটি প্রয়োজনীয় সংখ্যক বিশেষজ্ঞ সদস্য কো-অপ্ট করতে পারবে।

**৮.২.৩. কেন্দ্রীয় কমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

| | | |
|---|---|---|
| ১. | মন্ত্রী/প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | -সভাপতি |
| ২. | সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | -সদস্য |
| ৩. | সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | -সদস্য |
| ৪. | সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ | -সদস্য |
| ৫. | সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | -সদস্য |
| ৬. | সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | -সদস্য |
| ৭. | সচিব, অর্থ বিভাগ | -সদস্য |
| ৮. | সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | -সদস্য |
| ৯. | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | -সদস্য |
| ১০. | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | -সদস্য |
| ১১. | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | -সদস্য |
| ১২. | সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | -সদস্য |
| ১৩. | সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | -সদস্য |
| ১৪. | সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | -সদস্য |
| ১৫. | সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | -সদস্য |
| ১৬. | সচিব, জননিরাপত্তা বিভাগ | -সদস্য |
| ১৭. | সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | -সদস্য |
| ১৮. | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | -সদস্য |
| ১৯. | সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | -সদস্য |
| ২০. | মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | - সদস্য-সচিব |

**কর্মপরিধি:**

(ক) কমিটি জাতীয় দৈনিক পত্রিকা (ন্যূনতম ১টি বাংলা ও ১টি ইংরেজি) ও সোশ্যাল মিডিয়া/অনলাইন নিউজ পোর্টাল/ওয়েব সাইটে আবেদনপত্র আহ্বান করে বিজ্ঞপ্তি প্রকাশের নিমিত্ত বাস্তবায়নকারী প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদান করবে;

(খ) কমিটি প্রয়োজনে এক বা একাধিক উপ-কমিটি গঠন করে অনুসন্ধান ও সাক্ষাৎকার গ্রহণ করতে পারবে;

(গ) কমিটি আবেদনসমূহ মূল্যায়নপূর্বক চূড়ান্ত মনোনয়নের জন্য প্রতি ক্ষেত্রে সর্বোচ্চ ৩টি মনোনয়ন সুপারিশসহ জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির নিকট প্রেরণ করবে;

(ঘ) কেন্দ্রীয় কমিটি পূর্ববর্তী মূল্যায়নসমূহ নিরীক্ষণপূর্বক পুনঃমূল্যায়ন করতে পারবে; এবং

(ঙ) কমিটি প্রয়োজনে এক বা একাধিক বিশেষজ্ঞ সদস্য কো-অপ্ট করতে পারবে।

**৮.২.৪. চূড়ান্ত অনুমোদন:**

১. জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, কেন্দ্রীয় কমিটি কর্তৃক মূল্যায়নকৃত তালিকা বিবেচনা করে উক্ত তালিকা হতে অথবা মন্ত্রিসভা কমিটির বিবেচনায় জাতীয় পর্যায়ে উপযুক্ত ব্যক্তি এবং প্রতিষ্ঠানের নাম চূড়ান্তভাবে মূল্যায়ন করার পর তা অনুমোদনের নিমিত্ত মাননীয় প্রধানমন্ত্রীর নিকট প্রেরণ করবে।

২. চূড়ান্ত অনুমোদনের পর শেখ রাসেল পদকপ্রাপ্ত ব্যক্তি এবং প্রতিষ্ঠানের নাম গেজেট আকারে প্রকাশের নিমিত্ত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**৯. পুরস্কার পরিকল্পনায় বিবেচ্য গুরুত্বপূর্ণ বিষয়াবলি:**

৯.১. আবেদনপত্রের তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অস্পষ্ট এবং নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;

৯.২. আবেদনপত্র বাতিলের ক্ষেত্রে সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক বাতিল করতে হবে;

৯.৩. কোনো পুরস্কারের ক্ষেত্রে কাঙ্ক্ষিত মানসম্পন্ন কোনো আবেদন পাওয়া না গেলে, সেক্ষেত্রে ঐ শ্রেণিতে পুরস্কার প্রদান ঐ বছরের জন্য স্থগিত থাকবে;

৯.৪. মূল্যায়ন কমিটি আবেদনের ক্ষেত্রের যথার্থতা বিবেচনায় নিয়ে প্রয়োজনে ক্ষেত্র পরিবর্তন করতে পারবে;

৯.৫. এ নীতিমালায় উল্লিখিত মূল্যায়ন ছক অনুসরণপূর্বক মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে;

৯.৬. মূল্যায়নের সকল ক্ষেত্রে প্রমাণক বিবেচনায় নিতে হবে;

৯.৭. শেখ রাসেল পদক এর কোনো ক্ষেত্রে একবার পুরস্কার প্রাপ্ত হলে, পরবর্তীতে পুরস্কারপ্রাপ্ত ঐ ব্যক্তি বা প্রতিষ্ঠান ঐ একই উদ্যোগ/প্রকল্প/ধারণা/অবদান/অন্যান্য এর জন্য আর বিবেচিত হবেন না;

৯.৮. কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান কোনো উদ্যোগ/প্রকল্প/ধারণা/অবদান/অন্যান্য এর জন্য একবার জাতীয় পদক/পুরস্কার প্রাপ্ত হলে ঐ ব্যক্তি বা প্রতিষ্ঠান একই উদ্যোগ/প্রকল্প/ধারণা/ অবদান/অন্যান্য এর নিমিত্ত শেখ রাসেল পদক এর জন্য বিবেচিত হবেন না;

৯.৯. প্রাতিষ্ঠানিক আবেদনের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানকে আবেদন করতে হবে;

৯.১০. এ পুরস্কার কার্যক্রমের সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

৯.১১. সময়ে সময়ে যথাযথ কর্তৃপক্ষ মূল্যায়ন ছক এবং আবেদন ফরম সংযোজন, বিয়োজন এবং পরিবর্তন করতে পারবে; এবং

৯.১২. একই উদ্ভাবন/প্রকল্প/উদ্যোগ/অবদান/ধারণা এর জন্য একাধিক ক্ষেত্রে আবেদন গ্রহণযোগ্য হবে না।

**১০. অস্পষ্টতা দূরীকরণ:**

এই নীতিমালার কোনো অনুচ্ছেদের বিষয়ে অস্পষ্টতা পরিলক্ষিত হলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর মতামত চূড়ান্ত বলে গণ্য হবে।

**১১. কার্যকারিতা:**

এই নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

## মূল্যায়ন নির্ণায়ক/মূল্যায়ন ছক

(মূল্যায়নের সকল ক্ষেত্রে প্রমাণক বিবেচনায় নিতে হবে)

**পুরস্কার ১: শিক্ষা**

| ক্রমিক নম্বর | মূল্যায়নের মাপকাঠি | | নম্বর |
|---|---|---|---|
| ১ | আঞ্চলিক/জাতীয়/আন্তর্জাতিক পর্যায়ে শিক্ষা সংশ্লিষ্ট প্রতিযোগিতার পুরস্কার/ফলাফল | i. আঞ্চলিক | ৭ |
| | | ii. জাতীয় | ৮ |
| | | iii. আন্তর্জাতিক | ১০ |
| ২ | গত ০৩ বছরে নিজ শিক্ষা প্রতিষ্ঠানের মূল্যায়নের ফলাফল | | ২০ |
| ৩ | নিজ শিক্ষা প্রতিষ্ঠানে বা যে কোন পর্যায়ে শ্রেণিকক্ষের বাহিরে শিক্ষা বিষয়ক (যেমন: পিছিয়ে পড়া শিক্ষার্থীদের সহায়তা, বিতর্ক, কুইজ, শিক্ষা সফরে নেতৃত্ব দেয়া ইত্যাদি) কর্মকাণ্ডে উল্লেখযোগ্য সহায়তা/অবদান | | ৫ |
| ৪ | নিজ শিক্ষা প্রতিষ্ঠানে বা যে কোন পর্যায়ে শ্রেণিকক্ষের বাহিরে গঠনমূলক কর্মকাণ্ডে উল্লেখযোগ্য সহায়তা/অবদান/সফলতা (যেমন: খেলাধুলা, স্কাউটিং, পরিবেশ রক্ষা ইত্যাদি) | | ৫ |
| ৫ | শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের কাছ থেকে প্রার্থীর মধ্যে সার্বিক দক্ষতা, আচার-ব্যবহারসহ মানবিক গুণাবলি বিষয়ক সুপারিশপত্র | | ৫ |
| ৬ | ডিজিটাল কার্যক্রমে দক্ষতা বা অর্জন (প্রমাণকসহ) | | ৫ |
| ৭ | বোর্ড বৃত্তি বা সমমান (৫ম, ৮ম, এসএসসি, এইচএসসি) | | ২৫ |
| ৮ | সাংস্কৃতিক কর্মকাণ্ড (নাচ, গান ও অন্যান্য) | | ১০ |
| | মোট | | ১০০ |

**পুরস্কার ২: বিজ্ঞান ও প্রযুক্তি**

| ক্রমিক নম্বর | মূল্যায়নের মাপকাঠি | | | নম্বর |
|---|---|---|---|---|
| ১ | আঞ্চলিক/ জাতীয়/ আন্তর্জাতিক পর্যায়ে বিজ্ঞান ও প্রযুক্তি সংশ্লিষ্ট প্রতিযোগিতার পুরস্কার/ ফলাফল | i. | আঞ্চলিক | ১০ |
| | | ii. | জাতীয় | ১৫ |
| | | iii. | আন্তর্জাতিক | ২০ |
| ২ | বিজ্ঞান ও প্রযুক্তি সংশ্লিষ্ট ব্যক্তিগত দক্ষতার প্রমাণ, রেকর্ড, রিপোর্ট ইত্যাদি | | | ২০ |
| ৩ | প্রার্থী কেন নিজেকে এই পুরস্কারের জন্য বিবেচ্য বলে মনে করেন (অনধিক ৫০০ শব্দ) | | | ৫ |
| ৪ | শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশপত্র। সুপারিশ প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনায় নেয়া যেতে পারে:<br>-প্রার্থী ইন্সট্রাক্টর বা অভিভাবকের তত্ত্বাবধান (সুপারভিশন) ছাড়া নিজ থেকে কতটুকু বিজ্ঞান/প্রযুক্তি বিষয়ে দক্ষ<br>-প্রার্থীর বিজ্ঞান/প্রযুক্তি নিয়ে আগ্রহ, প্রচেষ্টা, অধ্যবসায়<br>ইত্যাদি প্রাসঙ্গিক বিষয়সমূহ | | | ১০ |
| ৫ | নিজ শিক্ষা প্রতিষ্ঠান, বোর্ড পরীক্ষা বা অন্য কোনো গুরুত্বপূর্ণ মূল্যায়নের ফলাফল | | | ১০ |
| ৬ | ইমার্জিং টেকনোলজি বিষয়ে দক্ষতা/অর্জন (প্রমাণকসহ) | | | ৫ |
| ৭ | সহশিক্ষা কার্যক্রমে অর্জন | | | ৫ |
| | মোট | | | ১০০ |

**পুরস্কার ৩: ক্রীড়া**

| ক্রমিক নম্বর | মূল্যায়নের মাপকাঠি | | নম্বর |
|---|---|---|---|
| ১ | আঞ্চলিক/জাতীয়/আন্তর্জাতিক পর্যায়ে প্রাপ্ত পুরস্কারের বিবরণ (ব্যক্তিগত/দলীয়) | i. আঞ্চলিক | ১৫ |
| | | ii. জাতীয় | ২০ |
| | | iii. আন্তর্জাতিক | ৩০ |
| ২ | ক্রীড়ার উন্নয়নে আঞ্চলিক/জাতীয়/আন্তর্জাতিক ক্ষেত্রে পদক্ষেপ/কার্যক্রম/ অবদান (যেমন: প্রশিক্ষণে সহায়তা, ক্রীড়া সংশ্লিষ্ট উদ্যোগ গ্রহণ বা আয়োজন ইত্যাদি) | | ১০ |
| ৩ | বাংলাদেশের কোনো ঐতিহ্যবাহী খেলায় সংশ্লিষ্ট কিনা? যেমন: নৌকা বাইচ, কাবাডি, বল্লম নিক্ষেপ ইত্যাদি (প্রমাণকসহ) | | ৫ |
| ৪ | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (যেমন: জেলা/উপজেলা পর্যায়ে সরকারি বা স্বীকৃত ক্রীড়া সংস্থা) হতে সুপারিশপত্র। সুপারিশ প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনায় নেয়া যেতে পারে:<br>-প্রার্থী ইন্সট্রাক্টর বা কোচের তত্ত্বাবধান (সুপারভিশন) ছাড়া নিজ থেকে ক্রীড়া বিষয়ে কতটুকু দক্ষ<br>-প্রার্থীর ক্রীড়া নিয়ে আগ্রহ, প্রচেষ্টা, অধ্যবসায় ইত্যাদি প্রাসঙ্গিক বিষয়সমূহ | | ৫ |
| ৫ | পাঠ্যক্রম বহির্ভূত কার্যক্রম (প্রমাণকসহ) | | ৫ |
| ৬ | নিজ শিক্ষা প্রতিষ্ঠান, বোর্ড পরীক্ষা বা অন্য কোনো গুরুত্বপূর্ণ মূল্যায়নের ফলাফল | | ১০ |
| | মোট | | ১০০ |

**পুরস্কার ৪: প্রতিভাবান বিশেষ চাহিদাসম্পন্ন শিশু-কিশোর**

| ক্রমিক নম্বর | মূল্যায়নের মাপকাঠি | নম্বর |
|---|---|---|
| ১ | আনুষ্ঠানিক/অনানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রমের ফলাফল | ২০ |
| ২ | পাঠ্যক্রম বহির্ভূত কার্যক্রমে পারদর্শীতা যেমন: সাংস্কৃতিক কর্মকাণ্ড, ক্রীড়া ইত্যাদি (প্রমাণকসহ) | ২০ |
| ৩ | শিক্ষা কার্যক্রমে নিয়মিত উপস্থিতির হার | ২০ |
| ৪ | শিক্ষা প্রতিষ্ঠান অথবা সমাজের কোনো ইতিবাচক কাজে ভূমিকা | ২০ |
| ৫ | সৃজনশীল কর্মকাণ্ড (প্রমাণকসহ) | ২০ |
| | মোট | ১০০ |

**পুরস্কার ৫: শিল্পকলা ও সংস্কৃতি**

| ক্রমিক নম্বর | মূল্যায়নের মাপকাঠি | | নম্বর |
|---|---|---|---|
| ১ | আঞ্চলিক/ জাতীয়/ আন্তর্জাতিক পর্যায়ে শিল্পকলা ও সংস্কৃতি সংশ্লিষ্ট পুরস্কার/প্রতিযোগিতার ফলাফল | i. আঞ্চলিক | ১০ |
| | | ii. জাতীয় | ১৫ |
| | | iii. আন্তর্জাতিক | ২০ |
| ২ | সৃজনশীল প্রবন্ধ রচনা/কবিতা রচনা/মঞ্চে উপস্থাপন/সাংস্কৃতিক কর্মকাণ্ড/নৃত্যকলা/শিল্পকলা ও অন্যান্য এর অভিজ্ঞতা (প্রমাণকসহ) | | ২০ |
| ৩ | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (যেমন: জেলা বা উপজেলা পর্যায়ের শিল্পকলা ও সংস্কৃতি বিষয়ক একাডেমি/প্রতিষ্ঠান/সংগঠন) হতে সুপারিশপত্র। সুপারিশ প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনায় নেয়া যেতে পারে:<br>-প্রার্থী ইন্সট্রাক্টর বা প্রশিক্ষকের তত্ত্বাবধান (সুপারভিশন) ছাড়া নিজ থেকে সংশ্লিষ্ট বিষয়ে (শিল্পকলা ও সংস্কৃতি) কতটুকু দক্ষ<br>-সংশ্লিষ্ট বিষয় নিয়ে প্রার্থীর আগ্রহ, প্রচেষ্টা, অধ্যবসায় ইত্যাদি প্রাসঙ্গিক বিষয়সমূহ | | ২০ |
| ৪ | নিজ শিক্ষা প্রতিষ্ঠান, বোর্ড পরীক্ষা বা অন্য কোনো গুরুত্বপূর্ণ মূল্যায়নের ফলাফল | | ১০ |
| ৫ | শিল্পকলা ও সংস্কৃতি বিষয়ে বিশেষ কোন কোর্স বা ডিগ্রী (প্রমাণকসহ) | | ৫ |
| | মোট | | ১০০ |

**পুরস্কার ৬: ক্ষুদে প্রোগ্রামার**

| ক্রমিক নম্বর | মূল্যায়নের মাপকাঠি | | নম্বর |
|---|---|---|---|
| ১ | আঞ্চলিক/জাতীয়/আন্তর্জাতিক পর্যায়ে প্রোগ্রামিং সংশ্লিষ্ট পুরস্কার/প্রতিযোগিতার ফলাফল | i. আঞ্চলিক | ১০ |
| | | ii. জাতীয় | ১৫ |
| | | iii. আন্তর্জাতিক | ২৫ |
| ২ | প্রোগ্রামিং সংশ্লিষ্ট ব্যক্তিগত দক্ষতা, যেমন: বিভিন্ন প্রোগ্রামিং প্ল্যাটফর্মে সমাধানকৃত সমস্যার সংখ্যা, অনলাইনে থাকা কোড/প্রজেক্ট রিপোজিটরি (যেমন: Git), ম্যাথ/অ্যানালাইটিক্যাল স্কিলের প্রমাণ ইত্যাদি। | | ২৫ |
| ৩ | প্রার্থী কেন মনে করেন যে তিনি এই পুরস্কারের জন্য উপযুক্ত (অনধিক ৫০০ শব্দ) | | ৫ |
| ৪ | সিটি কর্পোরেশন, সদর উপজেলা এবং সদর পৌরসভার ক্ষেত্রে প্রোগ্রামার (জেলা আইসিটি অফিসার) কর্তৃক প্রদেয় ও জেলা প্রশাসক কর্তৃক প্রতিস্বাক্ষরকৃত এবং অন্যান্য উপজেলার ক্ষেত্রে সহকারী প্রোগ্রামার (উপজেলা আইসিটি অফিসার) কর্তৃক প্রদেয় ও উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরকৃত সুপারিশপত্র। সুপারিশ প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনায় নেয়া যেতে পারে:<br>-প্রার্থী ইন্সট্রাক্টর বা কোচের তত্ত্বাবধান (সুপারভিশন) ছাড়া নিজ থেকে প্রোগ্রামিং বিষয়ে কতটুকু দক্ষ<br>-প্রোগ্রামিং নিয়ে প্রার্থীর আগ্রহ, প্রচেষ্টা, অধ্যবসায় ইত্যাদি প্রাসঙ্গিক বিষয়সমূহ | | ৫ |
| ৫ | নিজ শিক্ষা প্রতিষ্ঠান, বোর্ড পরীক্ষা বা অন্য কোনো গুরুত্বপূর্ণ মূল্যায়নের ফলাফল | | ১০ |
| ৬ | সহশিক্ষা কার্যক্রমে অর্জন | | ৫ |
| | মোট | | ১০০ |

**পুরস্কার ৭: ক্ষুদে উদ্ভাবক**

| ক্রমিক নম্বর | মূল্যায়নের মাপকাঠি | নম্বর |
|---|---|---|
| ১ | উদ্ভাবনটির সৃজনশীলতার দিক (অনন্য বৈশিষ্ট্যসমূহ) (বর্ণনাসহ অনধিক ৫০০ শব্দ) | ১৫ |
| ২ | উদ্ভাবনটির সম্ভাব্য আর্থিক মূল্যমান (বর্ণনাসহ অনধিক ৫০০ শব্দ) | ১৫ |
| ৩ | উদ্ভাবনটির মাধ্যমে কোন বিদ্যমান সমস্যা সমাধানে ভূমিকা (বর্ণনাসহ অনধিক ৫০০ শব্দ) | ১৫ |
| ৪ | উদ্ভাবনটি টেকসই এবং রেপ্লিকেবল কিনা? (বর্ণনাসহ অনধিক ৫০০ শব্দ) | ১৫ |
| ৫ | বাংলাদেশের সমাজ ব্যবস্থার সাথে সামঞ্জস্যপূর্ণতা (বর্ণনাসহ অনধিক ৫০০ শব্দ) | ১০ |
| ৬ | উদ্ভাবনটির উপস্থাপনা | ১৫ |
| ৭ | প্রার্থী কেন মনে করেন যে তিনি এই পুরস্কারের জন্য উপযুক্ত (অনধিক ৫০০ শব্দ) | ৫ |
| ৮ | সিটি কর্পোরেশন, সদর উপজেলা এবং সদর পৌরসভার ক্ষেত্রে প্রোগ্রামার (জেলা আইসিটি অফিসার) কর্তৃক প্রদেয় ও জেলা প্রশাসক কর্তৃক প্রতিস্বাক্ষরকৃত এবং অন্যান্য উপজেলার ক্ষেত্রে সহকারী প্রোগ্রামার (উপজেলা আইসিটি অফিসার) কর্তৃক প্রদেয় ও উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরকৃত সুপারিশপত্র। সুপারিশ প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনায় নেয়া যেতে পারে:<br>-প্রার্থী ইন্সট্রাক্টর বা অভিভাবকের তত্ত্বাবধান (সুপারভিশন) ছাড়া নিজ থেকে উদ্ভাবনে কতটুকু দক্ষ<br>-প্রার্থীর উদ্ভাবন নিয়ে আগ্রহ, প্রচেষ্টা, অধ্যবসায় ইত্যাদি প্রাসঙ্গিক বিষয়সমূহ | ৫ |
| ৯ | সহশিক্ষা কার্যক্রমে অর্জন | ৫ |
| | মোট | ১০০ |

**পুরস্কার ৮: ক্ষুদে লেখক**

| ক্রমিক নম্বর | মূল্যায়নের মাপকাঠি | | নম্বর |
|---|---|---|---|
| ১ | লিখিত প্রকাশনার সংখ্যা ও বর্ণনা (জাতীয়/ আন্তর্জাতিক পত্রিকা, বই/ম্যাগাজিন) | | ২৫ |
| ২ | আঞ্চলিক, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে প্রাপ্ত পুরস্কারের সংখ্যা এবং বর্ণনা | আঞ্চলিক | ১০ |
| | | জাতীয় | ১০ |
| | | আন্তর্জাতিক | ১৫ |
| ৩ | আঞ্চলিক, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ডিজিটাল মিডিয়ায় প্রকাশনার সংখ্যা | আঞ্চলিক | ৫ |
| | | জাতীয় | ৮ |
| | | আন্তর্জাতিক | ১২ |
| ৪ | নিজ শিক্ষা প্রতিষ্ঠান, বোর্ড পরীক্ষা বা অন্য কোনো গুরুত্বপূর্ণ মূল্যায়নের ফলাফল | | ১০ |
| ৫ | লেখার সৃজনশীলতা | | ৫ |
| | মোট | | ১০০ |

**পুরস্কার ৯: ডিজিটাল স্কুল (সর্বোচ্চ উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষা প্রতিষ্ঠান)**

| ক্রমিক নম্বর | মূল্যায়নের মাপকাঠি | | নম্বর |
|---|---|---|---|
| ১ | স্কুলে বিদ্যমান শিক্ষার্থী ও ডিজিটাল রিসোর্স, যেমন: শিক্ষার্থী/কম্পিউটার, ইন্টারনেট ব্যান্ডউইথ, মাল্টিমিডিয়া প্রজেক্টর/ক্লাস, প্রিন্টার, ওয়েবক্যাম ইত্যাদি।<br>**(সকল ক্ষেত্রে প্রমাণক আবশ্যক)** | স্কুলের সর্বমোট শিক্ষার্থীর সংখ্যা | ৫ |
| | | প্রতিজন শিক্ষার্থী সপ্তাহে গড়ে কত ঘণ্টা ডিজিটাল রিসোর্স (যেমন: কম্পিউটার, ইন্টারনেট) ব্যবহার করে | ৫ |
| | | কতটি শ্রেণিকক্ষের জন্য গড়ে একটি করে মাল্টিমিডিয়া প্রজেক্টর বা সমজাতীয় ডিজিটাল প্রযুক্তি ব্যবহার হয়ে থাকে | ৫ |
| | | ডিজিটাল রিসোর্স সমূহ রক্ষণাবেক্ষণের জন্য গৃহীত কার্যক্রম ও নিয়োজিত লোকের সংখ্যা (যেমন: ল্যাব অ্যাটেন্ডেন্ট ) | ৫ |
| | | বছরে গড়ে কতবার সাইবার নিরাপত্তামূলক প্রশিক্ষণ, কর্মসূচি ও সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা হয়েছে | ৫ |
| | | বছরে প্রোগ্রামিং/আইটি/ডিজিটাল প্রযুক্তি বিষয়ক গড়ে কতগুলো প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে | ৫ |
| ২ | প্রতিষ্ঠানটির হালনাগাদকৃত নিজস্ব ওয়েবসাইট রয়েছে কিনা? (প্রমাণকসহ) | | ১০ |
| ৩ | স্কুল পরিচালনায় ডিজিটাল প্রযুক্তির ব্যবহার | | ১০ |
| ৪ | আইসিটি জ্ঞান সম্পন্ন শিক্ষকের সংখ্যা (প্রমাণকসহ) | | ১০ |
| ৫ | পাঠদানের ক্ষেত্রে ব্যবহৃত ডিজিটাল কনটেন্টের সংখ্যা | | ১০ |
| ৬ | স্কুল কর্তৃপক্ষ কেন মনে করেন যে তাদের স্কুলটি একটি ডিজিটাল স্কুল (অনধিক ৫০০ শব্দ) | | ১০ |

| ক্রমিক নম্বর | মূল্যায়নের মাপকাঠি | নম্বর |
|---|---|---|
| ৭ | স্কুলের শিক্ষার্থী বা শিক্ষক কর্তৃক ডিজিটাল কার্যক্রমের জন্য স্বীকৃতি বা অর্জন | ১০ |
| ৮ | সিটি কর্পোরেশন, সদর উপজেলা এবং সদর পৌরসভার ক্ষেত্রে প্রোগ্রামার (জেলা আইসিটি অফিসার) কর্তৃক প্রদেয় ও জেলা প্রশাসক কর্তৃক প্রতিস্বাক্ষরকৃত এবং অন্যান্য উপজেলার ক্ষেত্রে সহকারী প্রোগ্রামার (উপজেলা আইসিটি অফিসার) কর্তৃক প্রদেয় ও উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরকৃত সুপারিশপত্র। সুপারিশ প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনায় নেয়া যেতে পারে:<br>-প্রতিজন শিক্ষার্থী সপ্তাহে গড়ে কত ঘণ্টা ডিজিটাল রিসোর্স (যেমন: কম্পিউটার, ইন্টারনেট) ব্যবহার করে<br>-কতটি শ্রেণিকক্ষের জন্য গড়ে অন্তত একটি করে মাল্টিমিডিয়া প্রজেক্টর বা সমজাতীয় ডিজিটাল প্রযুক্তি ব্যবহার হয়ে থাকে<br>- কতটি সাইবার নিরাপত্তামূলক প্রশিক্ষণ, কর্মসূচি, সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা হয়েছে<br>-বছরে প্রোগ্রামিং/আইটি/ডিজিটাল প্রযুক্তি বিষয়ক গড়ে কতগুলো প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে<br>-আইটি ক্লাব, প্রোগ্রামিং ক্লাব, ডিজিটাল ক্লাব, রোবটিক্স ক্লাব ইত্যাদি আছে কিনা | ১০ |
| | মোট | ১০০ |

**পুরস্কার ১০: ডিজিটাল এক্সিলেন্স (শিশু-কিশোরদের বিকাশ/উন্নয়নের নিমিত্ত যে সকল প্রতিষ্ঠান ডিজিটাল প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে কোন পণ্য বা সেবা তৈরি/উদ্ভাবন করে থাকে)**

| **ক্রমিক নম্বর** | **মূল্যায়নের মাপকাঠি** | **নম্বর** |
|---|---|---|
| ১ | ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করে তৈরি করা পণ্য বা সেবার উপকারিতা ও কার্যকারিতা (ডেমোসহ) | ৩০ |
| ২ | পণ্য/সেবার ইনোভেশন বা উদ্ভাবনী দিক (বর্ণনাসহ অনধিক ৫০০ শব্দ) | ১০ |
| ৩ | পণ্য বা সেবা গ্রহীতার ডাটা ব্যবস্থাপনা। যেমন: গোপনীয়তা (প্রাইভেসি) রক্ষা করা, ডাটাসেট অধিকতর বিশ্লেষণ বা গবেষণার জন্য উন্মুক্ত ও উপযুক্ত (যেমন: সঠিক ফরম্যাট, এপিআই ইত্যাদি) রাখা | ১৫ |
| ৪ | আবেদনকারী প্রতিষ্ঠান কেন মনে করে যে প্রতিষ্ঠানটি পুরস্কারের জন্য উপযুক্ত (অনধিক ৫০০ শব্দ) | ৫ |
| ৫ | পণ্য/সেবার প্রভাব বা ব্যাপ্তি (যেমন: একটি নির্দিষ্ট এরিয়া বা গোত্র, নাকি সারাদেশ ) | ১০ |
| ৬ | উপকারভোগীর সংখ্যা (প্রমাণকসহ) | ১০ |
| ৭ | উদ্ভাবনটি টেকসই এবং রেপ্লিকেবল কিনা? (বর্ণনাসহ অনধিক ৫০০ শব্দ) | ১০ |
| ৮ | জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে স্বীকৃতি রয়েছে কিনা? (প্রমাণকসহ বর্ণনা) (অনধিক ৫০০ শব্দ) | ১০ |
| | মোট | ১০০ |

**শেখ রাসেল পদক ....... আবেদন ফরম (শিক্ষা)**
**(ব্যক্তিগত আবেদন)**

ছবি

**১। উদ্যোগ/প্রকল্প/ধারণা/অবদান/অন্যান্য এর শিরোনাম:**

**২। আবেদনের যৌক্তিকতা: (অনধিক ৫০০ শব্দ)**

**৩। ইতোমধ্যে শেখ রাসেল পদক পেয়েছেন কিনা? (টিক দিন) (ক) হ্যাঁ ☐ (খ) না ☐**

৩.১. যদি হ্যাঁ হয় ক. পদক প্রাপ্তির সাল: ............ খ. পদকের ক্ষেত্র: ....................

**৪। ব্যক্তি সম্পর্কিত তথ্য:**

৪.১.নাম: ............................................................

৪.২. পিতার নাম: ......................... ৪.৩. মাতার নাম: ..............................

৪.৪. পেশা: ............ ৪.৫. জন্ম তারিখ (জন্ম নিবন্ধন নম্বরসহ):.........................

৪.৬. শ্রেণি (অধ্যয়নরত হলে):......... .........৪.৭. রোল নম্বর:..................

৪.৮. শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা (EIIN নম্বরসহ):...........................

৪.৯. শিক্ষাগত যোগ্যতা (সর্বোচ্চ): ..........................................

৪.১০. ফোন (যদি থাকে): ................................................

মোবাইল নম্বর: ....................................................

ইমেইল: ..........................................................

৪.১১. স্থায়ী ঠিকানা: ...................................................

..................................................................

৪.১২. বর্তমান ঠিকানা: ................................................

..................................................................

**৫। প্রমাণকসমূহের তালিকা: (প্রয়োজনে সংযুক্তি প্রদান করুন অথবা লিংক সরবরাহ করুন)**

| ক্রমিক নম্বর | মূল্যায়নের মাপকাঠি | | তথ্য/ মন্তব্য | প্রমাণক সংযুক্ত কিনা? হ্যাঁ/না |
|---|---|---|---|---|
| ৫.১ | আঞ্চলিক/ জাতীয়/আন্তর্জাতিক পর্যায়ে শিক্ষা সংশ্লিষ্ট প্রতিযোগিতার পুরস্কার/ফলাফল | I. আঞ্চলিক | | |
| | | II. জাতীয় | | |
| | | III. আন্তর্জাতিক | | |
| ৫.২ | গত ০৩ বছরে নিজ শিক্ষা প্রতিষ্ঠানের মূল্যায়নের ফলাফল | | | |
| ৫.৩ | নিজ শিক্ষা প্রতিষ্ঠানে বা যে কোন পর্যায়ে শ্রেণিকক্ষের বাহিরে শিক্ষা বিষয়ক (যেমন: পিছিয়ে পড়া শিক্ষার্থীদের সহায়তা, বিতর্ক, কুইজ, শিক্ষা সফরে নেতৃত্ব দেয়া ইত্যাদি) কর্মকান্ডে উল্লেখযোগ্য সহায়তা/অবদান | | | |
| ৫.৪ | নিজ শিক্ষা প্রতিষ্ঠানে বা যে কোন পর্যায়ে শ্রেণিকক্ষের বাহিরে গঠনমূলক কর্মকান্ডে উল্লেখযোগ্য সহায়তা/অবদান/সফলতা (যেমন: খেলাধুলা, স্কাউটিং, পরিবেশ রক্ষা ইত্যাদি) | | | |
| ৫.৫ | শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের কাছ থেকে প্রার্থীর মধ্যে সার্বিক দক্ষতা, আচার-ব্যবহারসহ মানবিক গুণাবলি বিষয়ক সুপারিশপত্র | | | |
| ৫.৬ | ডিজিটাল কার্যক্রমে দক্ষতা বা অর্জন (প্রমাণকসহ) | | | |
| ৫.৭ | বোর্ড বৃত্তি বা সমমান (৫ম, ৮ম, এসএসসি, এইচএসসি) | | | |
| ৫.৮ | সাংস্কৃতিক কর্মকাণ্ড (নাচ, গান ও অন্যান্য) | | | |

**উপরে প্রদত্ত তথ্য-উপাত্ত এবং সংযুক্ত কাগজপত্র আমার জানামতে সঠিক। পরবর্তীতে কোনো ব্যত্যয় পরিলক্ষিত হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।**

আবেদনকারীর স্বাক্ষর

আবেদনকারীর নাম

তারিখ

**বি.দ্রঃ আবেদনের পূর্বে <u>www.doict.gov.bd</u> এর শেখ রাসেল পদক নীতিমালা ২০২২ এর গুরুত্বপূর্ণ বিষয়াবলি অনুসরণের পরামর্শ প্রদান করা হলো।**

**শেখ রাসেল পদক ....... আবেদন ফরম (বিজ্ঞান ও প্রযুক্তি)**

**(ব্যক্তিগত আবেদন)**

ছবি

**১। উদ্যোগ/প্রকল্প/ধারণা/অবদান/অন্যান্য এর শিরোনাম:**

**২। আবেদনের যৌক্তিকতা: (অনধিক ৫০০ শব্দ)**

**৩। ইতোমধ্যে শেখ রাসেল পদক পেয়েছেন কিনা? (টিক দিন) (ক) হ্যাঁ ☐ (খ) না ☐**

৩.১. যদি হ্যাঁ হয় ক. পদক প্রাপ্তির সাল: ............ খ. পদকের ক্ষেত্র:.................

**৪। ব্যক্তি সম্পর্কিত তথ্য:**

৪.১.নাম: .................................................................

